

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ১০, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

জেলা ম্যাজিস্ট্রেসি নীতি অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ: ২৭ ফাল্গুন ১৪২২/ ১০ মার্চ ২০১৬

নম্বর ০৪.০০.০০০০.৫২১.০৮.০৬৪.১৫.১৯৮—দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ (২০০৪ সনের ৫ নং আইন)-এর ৬ (১) ধারার বিধানমতে নিম্ন-উল্লিখিত ব্যক্তিগণকে দুর্নীতি দমন কমিশনের কমিশনার নিয়োগ করা হল:

- (১) জনাব ইকবাল মাহমুদ, প্রাক্তন সিনিয়র সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়; এবং
- (২) জনাব এ, এফ, এম, আমিনুল ইসলাম, অবসরপ্রাপ্ত জেলা ও দায়রা জজ।

২। দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪-এর ৫ (১) ধারার বিধানমতে জনাব ইকবাল মাহমুদ, কমিশনার, দুর্নীতি দমন কমিশন-কে কমিশনের চেয়ারম্যান নিয়োগ করা হল।

৩। দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪-এর ১৩ ধারার বিধানমতে কমিশনের চেয়ারম্যান জনাব ইকবাল মাহমুদের বেতন, ভাতা, অন্যান্য সুবিধা ও পদমর্যাদা সুপ্রীম কোর্টের আপীল বিভাগের একজন বিচারকের এবং কমিশনার জনাব এ, এফ, এম, আমিনুল ইসলামের বেতন, ভাতা, অন্যান্য সুবিধা ও পদমর্যাদা সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের একজন বিচারকের সমরূপ নির্ধারণ করা হল।

৪। জনস্বার্থে এ প্রজ্ঞাপন জারি করা হল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ শফিউল আলম

মন্ত্রিপরিষদ সচিব

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(২০০৯)

মূল্য : টাকা ৪.০০